# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৩. ১. ৪. অন্য জাতির মেয়েদের বিবাহ বা ব্যভিচার করায় খুন ও গণহত্যা

বনি-ইসরাইলদের জন্য অন্য জাতির মেয়ে বিবাহ নিষিদ্ধ। অন্য জাতির মেয়ে বিয়ে করাও ব্যভিচার বলে গণ্য। উপরের ঘটনার পরে বনি-ইসরাইলের মানুষেরা শিঠিম শহরের কাছে থাকার সময় মোয়াবীয় (Moab) নারীদের সাথে ব্যভিচারে লিপ্ত হতে শুরু করে। মোয়াবীয় নারীদের দ্বারা প্রভাবিত হয়ে তারা তাদের দেবতাদেরও পূজা করতে শুরু করে। এতে ঈশ্বর ভয়ঙ্কর ক্রুদ্ধ হন। তিনি মোশিকে নির্দেশ দেন: "তুমি সমস্ত ইসরাইলীয় নেতাদের ধরে হত্যা কর এবং দিনের আলোতে আমার সামনে তাদের লাশগুলো ফেলে রাখ।" (শুমারী ২৫/৪)।

মোশি ও ইসরাইলীয় নেতারা যখন কাঁদাকাটি করছিলেন তখন একজন ইসরাইলীয় পুরুষ একজন মাদিয়ানীয় (Midianitish) মহিলাকে নিয়ে নিজের পরিবারের মধ্যে গমন করে। তখন মহাযাজক হারোণের নাতি ইলিয়াসরের ছেলে পীনহস (Phinehas/ Pinchas) একটা বর্শা হাতে উক্ত ব্যক্তির বাড়িতে প্রবেশে করে উক্ত ব্যক্তি ও তার মাদিয়ানীয় স্ত্রীর পেটের মধ্যে দিয়ে বর্শা ঢুকিয়ে দিয়ে উভয়কে হত্যা করেন। "এরপর বনি-ইসরাইলদের মধ্য থেকে মহামারি দূর হল। কিন্তু যারা ঐ মহামারিতে মারা গেল তাদের সংখ্যা ছিল চব্বিশ হাজার।" (শুমারী/গণনাপুস্তক ৮/৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14527

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন